

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/১৬ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১২১-আইন/২০২৪ —যেহেতু, Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No. V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এয়ার ডিফেন্স (এডি) ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার উদ্দেশ্যে ১৪ কর্তিক, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ৩০ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-৩২৬-আইন/২০২২ দ্বারা নিম্ন তফসিলে বিধৃত কক্ষবাজার জেলার টেকনাফ উপজেলাধীন শিলখালী যৌথ এয়ার ডিফেন্স আর্টিলারি এবং মার্টিপল লঞ্চ রকেট সিস্টেম (এমএলআরএস) ফিল্ড ফায়ারিং রেঞ্জ এলাকা, অতঃপর উক্ত এলাকা বলিয়া উল্লিখিত, বা উহার অংশ বিশেষকে নির্ধারণ করিয়াছে; এবং

যেহেতু, উক্ত Act এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১১ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের নোটিশ এস, আর, ও নং-৩৫০-আইন/২০২৩ দ্বারা উক্ত এলাকায় ১ জানুয়ারি, ২০২৪ হইতে ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত এডি ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারি করিবার উদ্দেশ্যে, একটি অভিপ্রায় নোটিশ জারি করিয়াছে;

সেহেতু, উক্ত Act এর section 9 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ৬ ফেব্রুয়ারি, ২০২৪ হইতে ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত উক্ত এলাকায় এডি ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার অনুমোদন প্রদান করিল, যথা :—

(১৭৬৬৯)
মূল্য : টাকা ৮.০০

তফসিল

১। কামান এলাকার সীমানা।—সমুদ্র উপকূলের যে কোনো জায়গা কামান ফায়ারের জন্য নির্বাচিত হইতে পারে যদি:

- (ক) উহা উঁচু জোয়ারের সময় পানির কিনারা হইতে পূর্বদিকে ১৫০০ (এক হাজার পাঁচশত) গজের মধ্যে হয়;
- (খ) উত্তর সীমানা : উত্তর শিলখালী
- (১) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রি ৯ মিনিট ১৫ সেকেন্ড (পূর্ব)
- (২) অক্ষাংশ : ২১ ডিগ্রি ৩ মিনিট ২৯ সেকেন্ড (উত্তর)
- (৩) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৩১৬
- (৪) গ্রিড সূত্র : বর্গ- ২৩২৯ এবং ২৪২৯ ম্যাপসিট নং ৮৪ সি/৮
স্কেল ১:৫০০০০
- (৫) থানা : টেকনাফ
- (৬) জেলা : কক্সবাজার; এবং
- (গ) দক্ষিণ সীমানা : বাহারছড়া
- (১) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রি ১০ মিনিট ২ সেকেন্ড (পূর্ব)
- (২) অক্ষাংশ : ২১ ডিগ্রি ২ মিনিট ৩৭ সেকেন্ড (উত্তর)
- (৩) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৩১৬
- (৪) গ্রিড সূত্র : বর্গ- ২৪২৮, ২৪২৯ এবং ২৫২৮ ম্যাপসিট নং ৮৪
সি/৮ স্কেল ১:৫০০০০
- (৫) থানা : টেকনাফ
- (৬) জেলা : কক্সবাজার।

২। ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (টার্গেট এলাকা)।—

- (ক) এয়ার ডিফেন্স ফায়ারিং রেঞ্জ :
- (১) উত্তর সীমানা : উত্তর শিলখালী হইতে ৩০০ (তিনশত) ডিগ্রি
(অবস্থান উপরে প্রদত্ত)
- (২) দক্ষিণ সীমানা : বাহারছড়া হইতে ২৫৭ (দুইশত সাতান্ন) ডিগ্রি
(অবস্থান উপরে প্রদত্ত)

(৩) ফায়ারিং/কামান

এলাকার কেন্দ্র

হইতে ফায়ারিং

এলাকার ব্যাস্তি : ২২০০০ (বাইশ হাজার) মিটার অথবা ১৩.৬৭
মাইল ও সমুদ্রের উপরের আকাশ বরাবর উত্তর
এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে

(৪) বিপদ এলাকার

উচ্চতা : ২০০০০ (বিশ হাজার) মিটার; এবং

(খ) মাল্টিপল লক্ষ রকেট সিস্টেম (এমএলআরএস) ফায়ারিং রেঞ্জ :

(১) উত্তর সীমানা : উত্তর শিলখালী হইতে ৩১৮ (তিনশত আঠারো) ডিগ্রি (অবস্থান উপরে প্রদত্ত)

(২) দক্ষিণ সীমানা : বাহারছড়া হইতে ২৮৮ (দুইশত আটাশি) ডিগ্রি
(অবস্থান উপরে প্রদত্ত)

(৩) ফায়ারিং/কামান

এলাকার কেন্দ্র

হইতে ফায়ারিং

এলাকার ব্যাস্তি : ১৩০০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) মিটার অথবা
৮০.৭৭ মাইল ও সমুদ্রের উপরের আকাশ বরাবর
উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে

(৪) বিপদ এলাকার

উচ্চতা : ৩৫০০০ (পাঁয়ত্রিশ হাজার) মিটার।

৩। কামান ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা।—এলাকাটি নিম্নরূপ ভৌগলিক
কেন্দ্রবিন্দুতে ক্রমানুসারে মিলিত একটি রেখা দ্বারা বেষ্টিত :

দ্রাঘিমাংশ (পূর্ব)

অক্ষাংশ (উত্তর)

(ক) বিন্দু ১:৯২ ডিগ্রি ৯ মিনিট ১৫ সেকেন্ড ২১ ডিগ্রি ৩ মিনিট ২৯ সেকেন্ড

(খ) বিন্দু ২:৯২ ডিগ্রি ১০ মিনিট ২ সেকেন্ড ২১ ডিগ্রি ২ মিনিট ৩৭ সেকেন্ড

(গ) বিন্দু ৩:৯২ ডিগ্রি ৬ মিনিট ০০ সেকেন্ড ২১ ডিগ্রি ৭ মিনিট ০০ সেকেন্ড

(ঘ) বিন্দু ৪:৯২ ডিগ্রি ৫ মিনিট ০০ সেকেন্ড ২১ ডিগ্রি ৩ মিনিট ০০ সেকেন্ড

(ঙ) বিন্দু ৫:৯১ ডিগ্রি ৫৮ মিনিট ০০ সেকেন্ড ২১ ডিগ্রি ১১ মিনিট ০০ সেকেন্ড

(চ) বিন্দু ৬:৯১ ডিগ্রি ৫৭ মিনিট ০০ সেকেন্ড ২১ ডিগ্রি ২ মিনিট ০০ সেকেন্ড

- | | | |
|-----|---------------------------------------|------------------------------|
| (ছ) | বিন্দু ৭:৯১ ডিশি ৪৫ মিনিট ০০ সেকেন্ড | ২১ ডিশি ২৭ মিনিট ১৮ সেকেন্ড |
| (জ) | বিন্দু ৮:৯১ ডিশি ৩৬ মিনিট ০০ সেকেন্ড | ২১ ডিশি ১৪ মিনিট ০০ সেকেন্ড |
| (ঝ) | বিন্দু ৯:৯১ ডিশি ১৭ মিনিট ০০ সেকেন্ড | ২১ ডিশি ৫৪ মিনিট ৫৪ সেকেন্ড |
| (ঞ) | বিন্দু ১০:৯০ ডিশি ৫৭ মিনিট ০০ সেকেন্ড | ২১ ডিশি ২৬ মিনিট ৩০ সেকেন্ড। |
- ৪। **কামান ফায়ারিং এবং বিগদ এলাকার অন্তর্ভুক্ত মৌজা** —অত্র এলাকাটিতে কক্ষবাজার জেলার টেকনাফ থানার বাহারছড়া ইউনিয়নের শিলখালী, মৌজা জে, এল, নং-০১, বি এস সিট নং-০৩ এ অন্তর্ভুক্ত রহিয়াছে।
- ৫। **কামান স্থাপন/অবস্থান এবং ফায়ারিং পরিচালনা এলাকা** —কামান স্থাপন/অবস্থান এবং এডি আর্টিলারির ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য নিম্নলিখিত স্থানসমূহ ব্যবহার করিতে হইবে:
- (ক) মৌজা : শিলখালী, জে. এল. নং ০১, বি এস সিট নং- ০৩, ইউনিয়ন বাহারছড়া, থানা: টেকনাফ, জেলা: কক্ষবাজার; এবং
 - (খ) পূর্ণ বি এস দাগ নং-৩০০১, ৩০৩৮, ৩০৩৭ এবং ৩০৮৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হারুন-অর-রশীদ
যুগ্মসচিব।